



“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়া, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd

সনদ/নম্বরফর্দ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট/প্রবেশপত্র/রেজি:কার্ড দ্বি-নকল/ত্রি-নকল উত্তোলনের

আবেদন ফরম

(শুধুমাত্র ১৯৬৩ থেকে ১৯৯৫ সালের ডকুমেন্টস উত্তোলনের জন্য প্রযোজ্য)

প্রতিষ্ঠান প্রধান কর্তৃক
আবেদনকারীর
সত্যায়িত ছবি

মাননীয়

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা।

বিষয় : ☐ সনদ ☐ সাময়িক সনদ ☐ নম্বরফর্দ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট ☐ প্রবেশপত্র ☐ রেজিস্ট্রেশন কার্ড এর জন্য আবেদন
☐ বাংলায় ☐ ইংরেজিতে ☐ দ্বি-নকল ☐ ত্রি-নকল ☐ চৌ-নকল (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন দিন)

মহোদয়

বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী আমার মূল সনদ/দ্বি-নকল সনদ/প্রবেশপত্র/নম্বরফর্দ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট হারিয়েছে/পুড়েছে/নষ্ট হয়েছে। অনুগ্রহপূর্বক উক্ত ডকুমেন্ট প্রদানের ব্যবস্থা করলে বাধিত হবো।

১. নাম : (ইংরেজি বড় অক্ষরে)
২. নাম : (বাংলায়)
৩. পিতার নাম : (ইংরেজি বড় অক্ষরে)
৪. পিতার নাম : (বাংলায়)
৫. মাতার নাম : (ইংরেজি বড় অক্ষরে)
৬. মাতার নাম : (বাংলায়)
৭. শিক্ষা প্রতিষ্ঠানের নাম : (ইংরেজি বড় অক্ষরে)
৮. শিক্ষা প্রতিষ্ঠানের নাম : (বাংলায়)
৯. পরীক্ষার নাম : সন : কেন্দ্র :
রোল নং : পাসের বিভাগ/জিপিএ : রেজি: নং :
শিক্ষাবর্ষ : বিভাগ/গ্রুপ :
১০. জাতীয়তা : বাংলাদেশী
১১. বিজ্ঞাপিত দৈনিক পত্রিকার নাম : তারিখ :
১২. সোনালী সেবার পেমেন্ট আইডি : তারিখ :
১৩. বর্তমান ঠিকানা : গ্রাম : ডাকঘর :
উপজেলা : জেলা : মোবাইল নং

আমি অঙ্গীকার করছি যে, উল্লিখিত বিবরণ এবং সংযুক্ত ডকুমেন্ট সঠিক। যদি প্রদত্ত বিবরণ ও ডকুমেন্ট মিথ্যা প্রমাণিত হয় তবে আমার আবেদন বাতিল বলে গণ্য হবে এবং ভুল তথ্যের জন্য আমি দায়ী থাকবো।

নিবেদক-

প্রধান শিক্ষক/অধ্যক্ষের স্বাক্ষর ও সীল

EIIN :

মোবাইল :

(আবেদনকারীর পূর্ণ নাম ও স্বাক্ষর)

তারিখ :

নিয়মাবলী

১. আবেদন ফরম পূরণ :

আবেদনকারীকে নিজ হাতে আবেদন ফরম পূরণ করতে হবে। প্রতিটি ডকুমেন্টের জন্য পৃথক ফরম পূরণ করতে হবে। আবেদনপত্রের চিহ্নিত স্থানে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সত্যায়িত আবেদনকারীর ফটো সংযুক্ত করতে হবে। নিয়মিত/অনিয়মিত প্রার্থীদের আবেদনপত্রে সত্যায়িত শব্দটির নিচে অবশ্যই যে প্রতিষ্ঠানের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করেছে সে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর সীলমোহর থাকতে হবে। প্রাইভেট পরীক্ষার্থীদের ক্ষেত্রে একজন প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার স্বাক্ষরসহ সীলমোহর থাকতে হবে।

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

২. ক. দ্বি-নকল/ত্রি-নকল/চৌ-নকল - সনদ/নম্বরফর্দ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ফলাফল বিবরণী/রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশপত্র ইত্যাদির জন্য আবেদনকারীকে অবশ্যই থানায় সাধারণ ডাইরি (জিডি) ও দৈনিক পত্রিকায় পরীক্ষার নাম, শাখা, কেন্দ্র, রোল নম্বর, পাসের সন, বোর্ডের নাম, পরীক্ষার্থীর নাম ও জিডি নং উল্লেখ করে হারানো বিজ্ঞপ্তি দিতে হবে। সাধারণ ডাইরির কপি ও পত্রিকার নাম ও তারিখ উল্লেখ পূর্বক উক্ত পত্রিকা (কাটিং বা ফটোকপি গ্রহণযোগ্য নয়) আবেদনের সাথে জমা দিতে হবে। পুড়ে যাওয়ার ক্ষেত্রে পুড়ে গেছে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা পৌরসভার ক্ষেত্রে ওয়ার্ড কাউন্সিলরের প্রত্যয়নপত্র জমা দিতে হবে এবং দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি দিতে হবে।
- খ. মূল ডকুমেন্টের অংশ বিশেষ থাকলে (যদি রোল নং ও নাম স্পষ্টভাবে বোঝা যায়) থানায় জিডি ও পত্রিকায় বিজ্ঞপ্তি দিতে হবে না। আবেদনপত্রের সাথে ডকুমেন্টের অংশ বিশেষ সংযুক্ত করে ফ্রেশকপির আবেদন করতে হবে। অংশবিশেষে রোল নম্বর, কেন্দ্র ও পরীক্ষা নিয়ন্ত্রকের স্বাক্ষর সুস্পষ্ট না থাকলে সেটি গ্রহণযোগ্য হবে না।
- গ. ফল প্রকাশের ছয় (০৬) মাসের মধ্যে একাডেমিক ট্রান্সক্রিপ্ট/সনদের দ্বি-নকল প্রদান করা হবে না।
৩. ভাষান্তর : ইংরেজি ভাষায় ডকুমেন্টের জন্য আবেদন করলে আবেদন ফরম ইংরেজিতে যথাযথভাবে পূরণ করতে হবে এবং আগে বাংলায় ইস্যুকৃত সংশ্লিষ্ট ডকুমেন্টের মূল কপি আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
৪. আবেদন জমা : দ্বি-নকল/ত্রি-নকল ডকুমেন্টস উত্তোলনের জন্য আবেদনকারীকে নিজ হাতে আবেদন ফরম যথাযথভাবে পূরণ করে স্বশরীরে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ), কক্ষ নং- ৩২৯ এর নিকট উপস্থাপন করতে হবে। অন্য কোন ব্যক্তির মাধ্যমে দ্বি-নকল/ত্রি-নকল আবেদন গ্রহণ করা হবে না।
৫. ফি জমাদান : আবেদনকারীকে কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট : www.comillaboard.gov.bd এর আভ্যন্তরীণ ই-সেবার (সোনালী ব্যাংক অনলাইন পেমেন্ট) এর মাধ্যমে নির্ধারিত ফি সোনালী ব্যাংক লি: এর যেকোন শাখা হতে সোনালী সেবার মাধ্যমে প্রদান করে বোর্ডের অংশ আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
৬. বিদেশে অবস্থানরত আবেদনকারী নিয়মাবলী ২ক অনুসরণ পূর্বক ভিসায়ুক্ত পাসপোর্টের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে প্রাধিকার প্রদান করে আবেদন করতে পারবেন। প্রাধিকারপত্র controller@comillaboard.gov.bd মেইলে প্রেরণ করতে হবে। প্রাধিকার প্রাপ্ত ব্যক্তি তাঁর জাতীয় পরিচয়পত্র ও প্রাধিকারের হার্ড কপি উপস্থাপন করে সংশ্লিষ্ট ডকুমেন্ট গ্রহণ করতে হবে।
৭. অসম্পূর্ণ ও অনিয়মিত আবেদন বাতিল বলে গণ্য হবে।
৮. আবেদন জমা দেয়ার দু'মাসের মধ্যে অবশ্যই ডকুমেন্ট গ্রহণ করতে হবে, অন্যথায় বোর্ড কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
৯. ক) ১৯৯৬ সাল থেকে সকল ডকুমেন্ট উত্তোলনের জন্য বোর্ডের ওয়েবসাইটে “অনলাইনে ফ্রেশ ও ডুপ্লিকেট ডকুমেন্টের আবেদন” লিংকে গিয়ে যথাযথ প্রক্রিয়ায় আবেদন করতে হবে।
- খ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অনলাইনে আবেদনকারীর আবেদন নিশ্চায়ন করতে হবে।
- গ) অনলাইনে আবেদনকারীগণ বোর্ড হতে ‘ডকুমেন্ট প্রস্তুত’ এসএমএস প্রাপ্তির পর আবেদনের প্রিন্ট কপি, ফি পরিশোধের বোর্ড কপি, মূল জিডি ও দৈনিক পত্রিকায় বিজ্ঞাপনের মূল কপি ২১১ নং কক্ষে জমা দিয়ে তাঁর ডকুমেন্ট গ্রহণ করতে হবে।
১০. সেবা প্রদানের সময়সীমা : ক. দ্বি-নকল/ত্রি-নকল ডকুমেন্ট ০৭ (সাত) কর্মদিবস।
খ. ফ্রেশ কপি/ভাষান্তর আবেদন জমার পর ০৩ (তিন) কর্মদিবস।

ফি এর তালিকা		
ক্রম	ডকুমেন্ট এর ধরণ	জরুরী ফিসহ টাকা
১	দ্বি-নকল রেজি:কার্ড/প্রবেশপত্র/নম্বরফর্দ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট/সনদ ফি	৪০০.০০
২	ত্রি-নকল রেজি:কার্ড/প্রবেশপত্র/নম্বরফর্দ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট/সনদ ফি	৫০০.০০
৩	সাময়িক সনদ ফি	৫০০.০০

পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০২৩৩৪৪০৬১৭২